

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৭/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২০ মার্চ, সোমবার ২০২৩, ০৬ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দেশের শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বজায় রাখতে র্যাবের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী
- ০২। গণমানুষের সংবাদপত্র গড়ে তোলা একটি বড় চ্যালেঞ্জ: তথ্য ও সম্প্রচারমন্ত্রী
- ০৩। প্রতিটি জেলায় মা ও শিশু হাসপাতাল হবে: স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী
- ০৪। রমজানে কঠোরভাবে বাজার মনিটরিং করা হবে: বাণিজ্যমন্ত্রী
- ০৫। হজ ফ্লাইট শুরু ২১ মে, বিমানের ফ্লাইট ১৬০টি

০১। দেশের শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বজায় রাখতে র্যাভের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২৬ সালের মধ্যে একটি উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরে বাংলাদেশের যাত্রাকে নির্বিলম্ব করার জন্য দেশের শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বজায় রাখতে কার্যকর ভূমিকা পালনের জন্য র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি রমজান মাসের আগে কেউ যেন খাদ্য মজুত এবং খাদ্যে ভেজাল দিতে না পারে এবং সমাজ থেকে মাদকের অপব্যবহার, কিশোর গ্যাং সংস্কৃতি এবং সাইবার অপরাধ নির্মূলে আরও মনোযোগী হতে আইন প্রয়োগকারী সংস্থা, বিশেষত র‍্যাবকে সজাগ থাকতে নির্দেশ দেন। রবিবার (১৯ মার্চ) সকালে রাজধানীর কুর্মিটোলায় র‍্যাবের সদর দফতরে বাহিনীর ১৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক জনতার কণ্ঠস্বর।

০২। গণমানুষের সংবাদপত্র গড়ে তোলা একটি বড় চ্যালেঞ্জ: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বর্তমান দূততার প্রতিযোগিতার মধ্যে ঠিক সাংবাদিকতা, ঠিক সংবাদ পরিবেশন এবং প্রতিটি সংবাদপত্রকে গণমানুষের সংবাদপত্র হিসেবে গড়ে তোলা একটি বড় চ্যালেঞ্জ। রবিবার (১৯ মার্চ) রাজধানীতে জাতীয় প্রেসক্লাবে দৈনিক দেশ বর্তমান পত্রিকার নবরূপে আত্মপ্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। এসময় মন্ত্রী আরও বলেন, বাংলাদেশে গণমাধ্যম যে পরিমাণ স্বাধীনতা ভোগ করে, যেভাবে অবোধে সবকিছু লিখতে পারে পৃথিবীর অনেক উন্নয়নশীল দেশে সেটি পারে না। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা।

০৩। প্রতিটি জেলায় মা ও শিশু হাসপাতাল হবে: স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী

দেশের প্রতিটি জেলায় একটি করে মা ও শিশু হাসপাতাল হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের স্বাস্থ্যখাত এগিয়ে চলছে। মাতৃ ও শিশুমৃত্যু রোধ করে বিশ্বের কাছে আমরা প্রশংসিত হয়েছি। আগামীতে এই সেবাকে আরও জোরদার করতে প্রতি জেলায় ৩০ থেকে ৫০ শয্যার হাসপাতাল করা হবে। রবিবার (১৯ মার্চ) দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক জাহান, দৈনিক সকালের দুনিয়া।

০৪। রমজানে কঠোরভাবে বাজার মনিটরিং করা হবে: বাণিজ্যমন্ত্রী

এবারের রমজানে কঠোরভাবে বাজার মনিটরিং করা হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। সেই সঙ্গে রমজান উপলক্ষ্যে পর্যাপ্ত খাদ্যদ্রব্য মজুত রয়েছে বলেও আশ্বস্ত করেছেন তিনি। রবিবার (১৯ মার্চ) বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত টাঙ্কফোর্সের ৬ষ্ঠ সভা শেষে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক জাহান ও দৈনিক সকালের দুনিয়া।

০৫। হজ ফ্লাইট শুরু ২১ মে, বিমানের ফ্লাইট ১৬০টি

আগামী ২১ মে স্থানীয় সময় রাত পৌনে চারটায় চলতি হজ মৌসুমে হজযাত্রীদের প্রথম ফ্লাইট পরিচালনা শুরু হবে। এ বছর পি-হজ ফ্লাইটে মোট ১৬০ টি ডেডিকেটেড ফ্লাইট পরিচালনা করবে বাংলাদেশ বিমান। আগামী ২২ জুন বিমানের পি-হজ ফ্লাইট শেষ হবে। রবিবার (১৯ মার্চ) এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আজিম। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা, দৈনিক জনতার কণ্ঠস্বর ও দৈনিক দিগন্ত বাংলা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** রমজান আসার আগেই যেভাবে নিত্যপণ্যের দাম বাড়ছে তা নিয়ন্ত্রণ করার কোনো উদ্যোগ দেখা যাচ্ছে না। নিত্য বাজার মনিটরিং করে জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে নিত্যপণ্য কেনার সুযোগ সৃষ্টি করতে হবে। যাতে মানুষ রমজানে চাপহীনভাবে রোজাব্রত পালন করতে পারে।
- (খ) **দৈনিক স্বজন:** দেশের চিকিৎসা ব্যবস্থা উন্নত হলেও চিকিৎসা ব্যয় বৃদ্ধি উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। চিকিৎসা খাতে জনগণের খরচ কমাতে সরকারের কার্যকর পদক্ষেপ ও বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।
- (গ) **দৈনিক জাহান, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা ও দৈনিক সকালের দুনিয়া:** রোজাকে কেন্দ্র করে ইতিমধ্যে দ্রব্যমূল্য মজুত ও পণ্যের দাম বাড়িয়ে অতি মুনাফা লুটতে তৎপর হয়ে উঠেছে একশ্রেণির ব্যবসায়ী। তাই বাজার নিয়ন্ত্রণে প্রধানমন্ত্রীর নির্দেশ অনুযায়ী মাঠ প্রশাসনের কর্মকর্তাদের সতর্ক থাকতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। সংযমের মাস সামনে রেখে অসংযমের মহড়া- মোস্তফা কামাল (দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। পাট এবার কৃষি পণ্য মর্যাদায়- কৃষিবিদ ড. মো. আল-মামুন (দৈনিক জাহান, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা, দৈনিক সকালের দুনিয়া)
- ০৩। সোমেন চন্দ্র আজও প্রাসঙ্গিক- ড. আতিউর রহমান (দৈনিক আজকের ময়মনসিংহ)

#